

3 (Sem-2) BEN L

2 0 1 7

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) ‘সহচর অঙ্গে গোরা অঙ্গ হেলাহিয়া’ পদটি বৈষ্ণব পদাবলির
কোন পর্যায়ের অন্তর্গত ?

(খ) “অভিনব হেম কল্পতরু সঞ্চর
সুরধুনী-তীরে উজ্জোর।”

‘সুরধুনী’ বলতে কাকে বোঝানো হয়েছে ?

(গ) নবদ্বীপে পড়লে পড়ুয়ারা কি পায় ?

(i) কৃষ্ণভক্তি

(ii) বিদ্যারস

(iii) ব্যবহাররস

(iv) গোবিন্দরস

(ঘ) গৌরাঙ্গের মায়ের নাম কি ?

(ঙ) 'ঘরের বাহিরে দণ্ডে শতবার' পদটির রচয়িতা কে ?

(চ) "মন্দির-বাহির কঠিন কপাট ।
চলহিতে শঙ্কিল _____ বাট ॥"

(শূন্যস্থান পূর্ণ কর)

(ছ) নবদ্বীপে কোন্ অধ্যাপক শিরোমণির কাছে নিমাই ব্যাকরণশাস্ত্র অধ্যয়ন করেছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) চণ্ডীদাস ও বিদ্যাপতি বৈষ্ণব পদাবলির কোন্ কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ পদকার হিসাবে পরিচিত ?

(খ) শ্রীহট্টে জগৎগ্রহণকারী দুজন চৈতন্যপরিকরের নাম লেখ ।

(গ) শ্রীচৈতন্যের কোষ্ঠীনাম কি রাখা হয়েছিল ? তাঁর নামকরণ অনুষ্ঠানে উপস্থিত পত্রিতাগণ কি নাম রেখেছিলেন ?

(ঘ) "মস্ত দাদুরী ডাকে ডাহুকী
কাটি যাওত ছাতিয়া ।"

পদটি কার রচিত ? 'দাদুরী' কী ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“সদাই ধেয়ানে চাহে মেঘপানে
না চলে নয়ান-তারা ।
বিরতি আহারে রাজ্যবাস পরে
যেমত যোগিনী-পারা ॥”

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“লহ লহ হাসনি গদগদ ভাষণি
কত মন্দাকিনী নয়নে ঝরে ।
নিজ-রসে নাচত নয়নে ঢুলায়ত
গাওত কত কত ভকতহি মেলি ॥”

(গ) “কর-যুগে নয়ন মুদি চলু ভামিনী
তিমির-পয়ানক আশে ।
কর-কঙ্কণ পণ ফণিমুখ-বন্ধন
শিখই ভুজগ-গুরু-পাশে ॥”

কৃষ্ণাভিসারের জন্য রাখার প্রস্তুতি নেবার যে ছবি এখানে
ফুটে উঠেছে তা গুছিয়ে লেখো ।

(ঘ) “বিষ্ণুনৈবেদ্যের যত বর্জ্য হান্তিগণ ।
বসিলেন প্রভু হাঁড়ি করিয়া আসন ॥”

‘চৈতন্যভাগবত’ অবলম্বনে প্রাসঙ্গিক ঘটনার বিবরণ দাও ।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

“হাসিয়া কহেন প্রভু আমি সে গোয়াল ।
ব্রাহ্মণের অন্ন আমি খাই চিরকাল ॥”

- ৪। প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের পাঠ্য অংশ অবলম্বনে শ্রীচৈতন্যের সমকালে নবদ্বীপের সামাজিক অবস্থার পরিচয় দাও।
- (খ) নিমাই ও লক্ষ্মীদেবীর বিবাহ পর্বটির বিবরণ দাও।
- (গ) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের অষ্টম অধ্যায় অবলম্বনে নিত্যানন্দের বাল্যলীলার সঙ্ক্ষেপে যা জান, লেখো।

খ—গুচ্ছ

- (ক) তোমার পঠিত পদ অবলম্বনে ‘বৈষ্ণব পদাবলী’র অভিসার পর্যায়ে গোবিন্দদাসের কৃতিত্ব বিচার করো।
- (খ) মাথুর কাকে বলে? তোমার পঠিত পদসমূহ থেকে উদাহরণ দিয়ে মাথুর শীর্ষক পদের ভাবসৌন্দর্য বিষয়ে লেখো।
- (গ) পূর্বরাগ কাকে বলে? পূর্বরাগ কত প্রকার ও কী কী? তোমার পঠিত ‘বৈষ্ণব পদাবলী’ গ্রন্থ থেকে উপযুক্ত উদাহরণ দিয়ে বিভিন্ন প্রকার পূর্বরাগের পরিচয় দাও।

★ ★ ★